

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৬.২০২২-২০৬

তারিখ: ৩ কার্তিক ১৪২৯

১৯ অক্টোবর ২০২২

বিষয়: **তালা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ উন্নয়ন তহবিলে হস্তান্তর, হাট-বাজার ইজারার অর্থ বন্টন ও জমা এবং এডিপি'র বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: ডিডিএলজি, সাতক্ষীরা এর স্মারক নং-৭৩২, তারিখঃ ০৭/০৯/২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে তালা উপজেলা পরিষদের নিম্নোক্ত তথ্যাদি যথাঃ-

- (ক) গত অর্থ বছরের রাজস্ব তহবিলের অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তরিত না করার কারণ;
- (খ) এডিপি'র অর্থায়নে গত অর্থ বছরে গৃহিত ৩০৯টি প্রকল্পের কাজ অদ্যাবধি শুরু না হওয়ার যৌক্তিকতা;
- (গ) প্রকল্প গ্রহণ ও বাছাইয়ে বিদ্যমান উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুসরণে প্রকল্প গ্রহণের তথ্য;
- (ঘ) চলতি ২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্ত এডিপি'র অর্থায়নে অদ্যাবধি প্রকল্প গ্রহণ না করার কারণ;
- (ঙ) বাংলা ১৪২৯ সনে ইজারাকৃত ২৪টি হাটের ইজারালব্দ অর্থ বিদ্যমান নীতিমালা অনুযায়ী বন্টনের প্রমাণক; এবং
- (চ) ইজারা বহির্ভূত অবশিষ্ট ২১টি হাট-বাজারের দরপত্র প্রক্রিয়া দরপত্রের তুলনামূলক বিবরণীসহ (সিএস শীট) খাস কালেকশনের অর্থ ব্যাংকে জমার প্রমাণকসহ তথ্যাদি পত্র প্রাপ্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৯-১০-২০২২

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।

ইমেইল: lgmoni2@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৬.২০২২-২০৬/১

তারিখ: ৩ কার্তিক ১৪২৯

১৯ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২) উপপরিচালক, স্থানীয় সরকার, সাতক্ষীরা (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)।
- ৩) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) যুগ্মসচিব(মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।



১৯-১০-২০২২

মোঃ শাহজালাল

সহকারী সচিব